

## ■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫১৭

8/ জুমু'আ (كِتَاب الْجُمُعَةِ عَنْ رَسُول اللَّهِ عَلَيْ)

পরিচ্ছেদঃ মিম্বর থেকে ইমাম নেমে আসার পর কথা বলা।

باب مَا جَاءَ فِي الْكَلاَمِ بَعْدَ نُزُولِ الإِمَامِ مِنَ الْمِنْبَرِ

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بُنُ بَشَّارٍ، حَدَّثَنَا أَبُو دَاؤَدَ الطَّيَالِسِيُّ، حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ، عَنْ ثَابِت، عَنْ أَنَسِ بْنِ مَالِك، قَالَ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم يُكَلِّمُ بِالْحَاجَةِ إِذَا نَزَلَ عَنِ الْمِنْبَرِ. قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَديثِ جَرِيرِ بْنِ حَازِمٍ. قَالَ وَسَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ وَهِمَ جَرِيرُ بْنُ حَازِمٍ فِي هَذَا الْحَديثِ وَالصَّحِيحُ مَا رُويَ عَنْ وَسَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ وَهِمَ جَرِيرُ بْنُ حَازِمٍ فِي هَذَا الْحَديثِ وَالصَّحِيحُ مَا رُويَ عَنْ ثَابِتِ عَنْ أَنَسٍ قَالَ أُقِيمَتِ الصَّلَاةُ فَأَخَذَ رَجُلٌ بِيدِ النَّبِيِّ صَلَى الله عليه وسلم فَمَا زَالَ يُكِلِّمُهُ فِي الشَّيْءِ وَهُو صَدُوقٌ . قَالَ مُحَمَّدٌ وَالْحَديثُ هُو هَذَا . وَجَرِيرُ بْنُ حَازِمٍ رُبُمَا يَكُلِّمُهُ فِي الشَّيْء وَهُو صَدُوقٌ . قَالَ مُحَمَّدٌ وَهِمَ جَرِيرُ بْنُ حَازِمٍ فِي حَديثِ ثَابِتِ عَنْ أَنَسٍ عَنِ الشَّيِّ صلى الله عليه وسلم قَالَ " إِذَا أُقِيمَتِ الصَّلاَةُ فَلاَ تَقُومُوا حَتَّى تَرَوْنِي " . قَالَ مُحَمَّدٌ وَهُمَ جَرِيرُ بُنُ حَازِمٍ فِي حَديثِ ثَابِتِ عَنْ أَنَسٍ مُحَمَّدٌ وَيُرُوكِى عَنْ حَمَّادِ بْنِ زَيْدِ قَالَ كُنَّا عِنْدَ تَابِتِ الْبُنَانِيِّ فَحَدَّتُ حَجَّاجٌ الصَّوَّافُ عَنْ مُحْمَدٌ وَيُرُوكِى عَنْ حَمَّادِ بْنِ زَيْدٍ قَالَ كُنَّا عِنْدَ تَابِتِ الْبُنَانِيِّ فَحَدَّتُ حَجَّاجٌ الصَّوَّافُ عَنْ مُحْتَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ حَمَّادِ بْنِ أَبِي قَتَادَةَ عَنْ أَبِيهِ عَنِ النَّبِي صلى الله عليه وسلم عَنْ أَنِي قَالَ " إِذَا أُقِيمَتِ الصَّلَاةُ فَلاَ تَقُومُوا حَتَّى تَرَوْنِي " . فَوَهِمَ جَرِيرٌ فَظَنَّ أَنَّ ثَابِتًا حَدَّتُهُمْ عَنْ أَنَسَ عَن النَّبِي صلى الله عليه وسلم عَنْ أَنَس عَن النَّبِي صلى الله عليه وسلم عَنْ أَنَسَ عَن النَّبِي صلى الله عليه وسلم .

## বাংলা

৫১৭. মুহাম্মাদ ইবনু বাশশার (রহঃ) ..... আনাস ইবনু মালিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বর থেকে নেমে আসার পর প্রয়োজন হলে কথাবার্তা বলতেন। - ইবনু মাজাহ ১১১৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৫১৭ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ জারীর ইবনু হাযিম-এর বরাত ছাড়া এই সম্পর্কে আমরা কিছু জানি না। মুহাম্মাদ আল-বুখারী (রহঃ)-কে বলতে শুনেছি যে, জারীর ইবনু হাযিম হাদীসটির বিষয়ে ওয়াহম ও সন্দেহের



শিকার হয়েছেন। সহীহ হ'ল সাবিত ... আনাস রাদিয়াল্লাহু আনহু সূত্রে যা বর্ণিত হয়েছে তা হল, আনাস রাদিয়াল্লাহু আনহু বলেনঃ একদিন সালাতের ইকামতের পর এক ব্যক্তি এসে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাত ধরে কথা বলতে লাগল। এমনকি মুসল্লিদের কেউ কেউ তন্দ্রাচ্ছন্ন হয়ে পড়ল। মুহাম্মাদ আল-বুখারী (রহঃ) বলেনঃ আসলে হাদীসটি হ'ল এ-ই। অনেক সময় জারীর ইবনু হাযিম সন্দেহের শিকার হয়ে যান বটে, তবে তিনি সত্যবাদী।

মুহাম্মাদ বলেনঃ এমনিভাবে জারীর ইবনু হাযিম (রহঃ) সাবিত আনাস রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত আরেকটি হাদীসের ক্ষেত্রেও ওয়াহমের শিকার হয়েছেন। সেটি হ'ল, আনাস রাদিয়াল্লাহু আনহু বলেনঃ সালাতে ইকামত হয়ে গেলেও আমাকে না দেখা পর্যন্ত তোমরা (সালাতে) দাঁড়াবে না। মুহাম্মাদ বলেনঃ আসলে রিওয়ায়াতটি হ'ল হাম্মাদ ইবনু যায়দ (রহঃ) বলেনঃ আমরা সাবিত আল বুনানী (রহঃ)-এর কাছে বসা ছিলাম। তখন তিনি হাজ্জাজ আস্-সাওওয়াফ ...... ইয়াহইয়া ইবনু আবী কাসীর ...... আবদুল্লাহ ইবনু আবী কাতাদা ... তার পিতা আবু কাতাদা রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ সালাতের ইকামত হয়ে গেলে পর আমাকে না দেখা পর্যন্ত তোমরা দাঁড়াবে না। এখানে জারীর ওয়াহমের শিকার হয়ে গেছেন। ধারণা করেছেন সাবিত বুঝি আনাস রাদিয়াল্লাহু আনহু থেকে হাদীসটি বর্ণনা করেছেন।

## **English**

Anas bin Malik narrated:

"Allah's Messenger would talk as necessary after descending from the Minbar."

হাদিসের মান: শা'জ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন